

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ২৭/২০১৩

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

তারিখঃ ১৮/০৩/২০১৩খ্রিঃ।

০৪ চৈত্র, ১৪১৯ বাংলা।

জরুরী দৃষ্টি আকর্ষণ

চিটাগাং কাস্টমস্ সি এন্ড এফ এজেন্টস্ এসোসিয়েশনের সদস্য/সদস্যগণের দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে অন চেসিস ডেলিভারীর আওতায় আমদানিকারক এর নির্ধারিত স্থানে পণ্য চালান খালাসের পর খালি কন্টেইনার যৌথ অঙ্গীকার নামার শর্ত মোতাবেক সংশ্লিষ্ট শিপিং এজেন্ট এর মনোনীত অফ-ডকে ফেরত প্রদানের শর্ত রয়েছে। কিন্তু বাংলাদেশ শিপিং এজেন্টস্ এসোসিয়েশন অভিযোগ করেছেন যে, কোন কোন ক্ষেত্রে সি এন্ড এফ এজেন্ট সংশ্লিষ্ট এমএলও এর অজ্ঞাতে খালি কন্টেইনারে অন্য প্রতিষ্ঠানের পণ্য পরিবহন করছেন, যা সম্পূর্ণ বে আইনী।

যৌথ অঙ্গীকারনামার শর্তানুযায়ী সি এন্ড এফ এজেন্ট এর পক্ষে কন্টেইনারের সকল দায় দায়িত্ব সি এন্ড এফ এজেন্ট এসোসিয়েশন বহন করে। তাছাড়া সি এন্ড এফ এজেন্ট কর্তৃক খালি কন্টেইনার শিপিং এজেন্টকে ফেরত না দিয়ে অন্য কাজে ব্যবহার করা স্বাক্ষরিত যৌথ অঙ্গীকারনামার বরখেলাপ। বিষয়টির গুরুত্ব ও প্রতিক্রিয়া বিবেচনা করা সকলের জন্য আবশ্যিকীয়।

অতএব অনচেসিস ডেলিভারীর ক্ষেত্রে যৌথ অঙ্গীকারনামা অব্যাহত রাখার বৃহত্তর স্বার্থে সদস্য প্রতিষ্ঠান সমূহকে নির্ধারিত স্থানে পণ্য চালান খালাসের পর দ্রুততম সময়ে খালি কন্টেইনার সংশ্লিষ্ট শিপিং এজেন্ট মনোনীত অফ-ডকে ফেরত দানের জন্য অনুরোধ জানাচ্ছি। অন্যথায় সংশ্লিষ্ট সি এন্ড এফ এজেন্টের অনচেসিস ডেলিভারীর ক্ষেত্রে সৃষ্ট জটিলতার জন্য অত্র এসোসিয়েশন দায়ী থাকবে না।

স্বাক্ষরিত/-

মোঃ আলতাফ হোসেন চৌধুরী (বাচ্চু)

সাধারণ সম্পাদক

পৃষ্ঠা - ২৮